

স্বপ্ন পুলক

স্বপনে তাহারে কুড়ায়ে পেয়েছি,
রেখেছি স্বপনে ঢাকিয়া;
স্বপনে তাহারি মু'খানি নিরখি,
স্বপন-কুহেলি মাখিয়া!
(কারে) বর-মাল্য দিনু স্বপনে,
(হ'ল) হৃদি-বিনিময় গোপনে,
স্বপনে দু'জনে প্রেম-আলাপনে
যাপি সারা-নিশি জাগিয়া।
(করি) স্বপনে মিলন-সুখ-গান,
(করি)স্বপ্নে প্রণয়-অভিমান,
(হয়) স্বপ্নে প্রেম-কলহ, যায় গো
স্বপনেরি সনে ভাঙ্গিয়া;
যা কিছু আমার দিতে পারি সবি
সুখ-স্বপনেরি লাগিয়া।